



শিহাবদের বাসায় শেখ হাসিনা

কাগজ প্রতিবেদক : শিহাবের বাবা-মা ও পরিবারের সদস্যদের সমবেদনা জানাতে আওয়ামী লীগ সভানেত্রী ও বিরোধীদলীয় নেত্রী শেখ হাসিনা ● এরপর-পৃষ্ঠা ২ কলাম ৪

শিহাবদের বাসায়

● প্রথম পাতার পর
গতকাল বিকালে নগরীর মধ্য বাসাবোডে শিহাবদের বাসায় গিয়েছিলেন। এ সময় শিহাবের বাবা-মা ও প্রতিবেশীরা শিহাবের নির্মম হত্যাকাণ্ডের বিচার দাবি করেন। এ সময় শেখ হাসিনা বিচারপতিদের বিব্রত হওয়ার ঘটনা উল্লেখ করে বলেন, এ অবস্থায় আপনারা কার কাছে বিচার পাবেন।

গতকাল বিকাল সাড়ে ৫টায় শেখ হাসিনা শিহাবদের বাসায় যান। এ সময় তার সঙ্গে ছিলেন সাবেক সাংসদ সাবেক হোসেন চৌধুরী। শেখ হাসিনা সেখানে উপস্থিত হলে শত শত লোক শিহাবদের বাড়ির সামনে সমবেত হয়ে শিহাবের হত্যাকারীদের দৃষ্টান্তমূলক বিচারের দাবিতে স্লোগান দেয়। এ সময় শিহাবের লাশ তাদের বাসার পাশে মসজিদে নিয়ে আসা হয় জানাজার জন্য।

শেখ হাসিনা শিহাবদের বাসায় উপস্থিত হলে এক হৃদয়বিদারক দৃশ্যের অবতারণা হয়। আওয়ামী লীগ সভানেত্রী এ সময় তাদের সান্ত্বনা দেন। এলাকায় আগেও এরকম ঘটনা ঘটেছিল বলে শিহাবদের প্রতিবেশীরা শেখ হাসিনাকে অভিযোগ করেন। এ সময় শিহাবের বন্ধু-বান্ধব ও প্রতিবেশীরা শেখ হাসিনার কাছে এ ঘটনার দৃষ্টান্তমূলক বিচারের দাবি জানায় এবং এ ঘটনার দৃষ্টান্তমূলক শাস্তি না হলে তারাও নিরাপত্তাহীনতায় ডুগবে বলে অভিযোগ করে।